

নিলাম বিজ্ঞপ্তি

নিলাম কেস নম্বর: ০৮/২০২৪-২৫

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মান্দা উপজেলাধীন ভারশো-তেতুলিয়া ইউনিয়ন ভূমি অফিসের আওতাধীন কসবা মান্দা/৬৬ মৌজার কাচারী বাগানের পুকুর পাড়ের ০৩ (তিন) টি মরা আম গাছ আগামী ২৬.১/০৫/২০২৫ খ্রি. তারিখ বেলা ১২:০০ ঘটিকায় উপজেলা পরিষদ হলরুমে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হবে। উক্ত তারিখে যথাসময়ে আগ্রহী/ইচ্ছুক ডাককারীগণকে নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো

ডাকের শর্তাবলী:

০১. আগ্রহী/ইচ্ছুক ডাককারীগণকে উক্ত ডাকের পূর্বে গাছগুলো সরেজমিন দেখে নিতে হবে।
০২. ডাক শেষে ডাকের সমুদয় অর্থ জমা দিতে হবে।
০৩. ডাককৃত মূল্যের উপর ১০% আয়কর ও ১৫% মূল্য সংযোজন কর জমা দিতে হবে।
০৪. প্রত্যেক ডাককারীকে জামানত হিসেবে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা সহকারী কমিশনার (ভূমি), মান্দা, নওগাঁর অনুকূলে বিডি জমা দিয়ে ২৬.১/০৫/২০২৫ খ্রি: তারিখ বেলা ১১:০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে এসে বিডসীটে নাম অন্তর্ভুক্ত করতে হবে।
০৫. ডাকগ্রহণ/ বর্জন কর্তৃপক্ষের এখতিয়ারভুক্ত।

মোঃ শাহ আলম মিয়া
উপজেলা নির্বাহী অফিসার

ও

সহকারী কমিশনার (ভূমি) (অঃ দাঃ)
মান্দা, নওগাঁ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
মান্দা, নওগাঁ

স্মারক নম্বর : ৩১.৪৩.৬৪৪৭.০০০.০২.০০৫.২৫- ৫৭৬

তারিখ: ২০/০৫/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক, নওগাঁ।
০২. উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ।
০৩. উপজেলা প্রকৌশলী, মান্দা, নওগাঁ।
০৪. উপজেলা বন কর্মকর্তা, মান্দা, নওগাঁ।
০৫. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ভারশো-তেতুলিয়া ইউনিয়ন ভূমি অফিস, মান্দা, নওগাঁ (তাকে স্থানীয় হাট/বাজারে ঢোল শহরতের মাধ্যমে নোটিশ জারী অন্তে ডাকের পূর্বে নোটিশ ফেরত দেয়ার জন্য বলা হলো)।
০৬. অত্রাফিসের নোটিশ বোর্ড।

মোঃ শাহ আলম মিয়া
উপজেলা নির্বাহী অফিসার

ও

সহকারী কমিশনার (ভূমি) (অঃ দাঃ)
মান্দা, নওগাঁ